

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
টাঙ্গাইল

<http://food.tangail.gov.bd>

সাম্প্রতিক কর্মকান্ড :

খাদ্য অধিদপ্তরের সহযোগীতায় জেলা খাদ্য নিয়ন্ত্রক, টাঙ্গাইল উদ্যোগের ফলে উল্লিখিত সময়ে বাজারে খাদ্যশস্যের সরবরাহ এবং বাজার মূল্য স্থিতিশীল ছিল। বিগত ৩ বছরে অভ্যন্তরীণ উৎস হতে টাঙ্গাইল জেলায় মোট ১০৪.৯৭ হাজার মে.টন চাল সংগ্রহ করা হয়েছে। এছাড়া প্রায় ১৬৬.৪৭ হাজার মে.টন খাদ্যশস্য (চাল ও গম) সামাজিক উন্নয়নমূলক খাতসহ বিভিন্ন খাতে বিতরণ করা হয়েছে। কৃষকদের অধিক হারে প্রণোদনা প্রদানের লক্ষ্যে বিগত ৩ অর্থ বছরে ২৯.৩০ হাজার মে.টন ধান সরাসরি কৃষকের নিকট হতে ক্রয় করে কৃষকের ব্যাংক একাউন্টে ধানের মূল্য পরিশোধ করা হয়েছে। হতদরিদ্র জনসাধারণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা দেয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারমূলক খাদ্য বান্ধব কর্মসূচি গৃহীত হয়েছে। এ কর্মসূচির মাধ্যমে জেলায় প্রায় ১৪৫.৮০ হাজার পরিবারকে বছরের ৫ মাস প্রতি কেজি চাল মাত্র ১০ টাকা দরে মাসে ৩০ কেজি করে চাল সরবরাহ করা হচ্ছে। বর্তমান টাঙ্গাইল জেলার সরকারি খাদ্য গুদামের কার্যকর ধারণক্ষমতা ৩৫.৬০ হাজার মে.টন।